যুগান্তর

তারিখ ... 31 OCT 2015 ...
পৃষ্ঠা ... ২০ ... কলাম ... ৬ ...

প্রাক প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা

# ছাত্রলীগ নেতাসহ ৪৭ জনকে সাজা ও জরিমানা

যুগান্তর ডেস্ক

প্রাক প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষার প্রশ্ন ফাঁস করায় বরিশাল জেলা ছাত্রলীগ যুগ্ম সম্পাদককে কারাদণ্ড দেয়া হয়েছে। গাইবান্ধা, পাবনা, কুড়িগ্রাম ও রাজশাহীসহ বিভিন্ন স্থানে ৪৬ জনকে জরিমানা ও বিভিন্ন মেয়াদে কারাদণ্ড দেন ভ্রাম্যমাণ আদালত। এছাড়া ২৪ জনকে বহিষ্কার ও ১৯ জনকে আটক করে পুলিশ। চট্টগ্রামে পরীক্ষা কেন্দ্রে ঢুকে ম্যাজিস্ট্রেট ও শিক্ষকদের লাঞ্ছিত করেছে এক ছাত্রলীগ নেতা। শুক্রবার সকালে প্রাক প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা কয়েকটি জেলায় অনুষ্ঠিত হয়। যুগান্তর ব্যুরো, স্টাফ রিপোর্টার ও প্রতিনিধিদের পাঠানো খবর—

**বরিশাল** : প্রশ্নফাঁস করে উত্তরপত্র পরীক্ষার্থীদের মাঝে বিতরণের সময় বরিশাল জেলা ছাত্রলীগের যুগ্ম সম্পাদক রিজভি আহমেদ রাজা রাঢ়িকে আটক করেছে আইনশৃংখলা বাহিনী। পরে তাকে এক মাসের কারাদণ্ড প্রদান করেন ভ্রাম্যমাণ আদালত। শুক্রবার সকালে প্রাক প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা চলাকালে নগরীর সরকারি বরিশাল কলেজ কেন্দ্র থেকে ভ্রাম্যমাণ আদালত তাকে আটক করেন।

এদিকে বরিশালে প্রাক প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষায় ভুয়া পরীক্ষার্থী সন্দেহে ১৯ জনকে জনকে : পৃষ্ঠা ১৯ : কলাম ৫

## জনকে : সাজা ও জরিমানা

(শেষ পৃষ্ঠার পর)

আটক করেছে পুলিশ। বৃহস্পতিবার দিবাগত মধ্যরাতে কোতোয়ালি পুলিশ অভিযান চালিয়ে তাদের আটক করে। আটককৃতদের মধ্যে ৯ জন পুরুষ এবং ১০ জন নারী।

**চট্টগ্রাম** : চট্টগ্রামে একটি কেন্দ্রে এক ছাত্রলীগ নেতা জোরপূর্বক ঢুকে প্রশ্নপত্রের ছবি তুলেছে। কেন্দ্রে প্রবেশ এবং প্রশ্নপত্রে ছবি তুলতে বাধা দেয়ায় কেন্দ্রে দায়িত্বে থাকা ম্যাজিস্ট্রেট ও শিক্ষকদের লাঞ্ছিত করেছে নোমান চৌধুরী নামে ছাত্রলীগের ওই নেতা। শুক্রবার সকাল ১০টায় সদরঘাট থানাধীন ছাত্রলীগ নিয়ন্ত্রিত সরকারি সিটি কলেজ কেন্দ্রে এ ঘটনা ঘটে। নোমান চট্টগ্রাম মহানগর ছাত্রলীগের সহসভাপতি পদে রয়েছেন।

**গাইবান্ধা** : অসদুপায় অবলম্বনের দায়ে ২৯ জনকে আটকের পর জরিমানা ও বিভিন্ন মেয়াদে কারাদণ্ড প্রদান করা হয়েছে। শুক্রবার শহরের বিভিন্ন পরীক্ষা কেন্দ্র থেকে তাদের আটক করে পুলিশ। এ সময় তাদের কাছ থেকে মোবাইল ও এক ধরনের বিশেষ ডিভাইস জব্দ করা হয়েছে। তাদের মধ্যে ১৮ নারী পরীক্ষার্থীকে ভ্রাম্যমাণ আদালতের বিচারক মাগফুরুল হাসান আব্বাসী এক হাজার টাকা করে জরিমানা করেন। বাকি ১১ পুরুষ পরীক্ষার্থীকে ৭ দিন থেকে ১ মাস পর্যন্ত বিভিন্ন মেয়াদে কারাদণ্ড প্রদান করে জেলা কারাগারে প্রেরণের নির্দেশ দেন তিনি। তাদের মধ্যে হিল্লোল নামে গাইবান্ধা সরকারি মহিলা কলেজের একজন কর্মচারীও রয়েছে।

**পাবনা** : পাবনায় বিভিন্ন কেন্দ্রে চুক্তিবদ্ধ পরীক্ষার্থীরা নিজ নিজ মোবাইলে আসা ক্ষুদে বার্তা দেখে নির্ধারিত সময়ের অনেক আগেই পরীক্ষা শেষ করেন। এতে জালিয়াত চক্র এবারও চাকরি প্রার্থীদের কাছ থেকে কয়েক কোটি টাকা হাতিয়ে নিয়েছে। এদিকে শহরের সরকারি মহিলা কলেজ কেন্দ্রে মোবাইলে ৪ সেট প্রশ্নের ক্ষুদে বার্তাসহ এক যুবক ধরা পড়লে তাকে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে ২ বছরের কারাদণ্ড প্রদান করা হয়। দণ্ডপ্রাপ্ত যুবকের নাম মাওলানা আবু দাঈদ সুরুজি।

**রাজশাহী** : তবে পরীক্ষা চলাকালে সঙ্গে মোবাইল ফোন রাখার অভিযোগে নগরীর কাশিয়াডাঙ্গা কলেজ কেন্দ্র থেকে ২৪ জনকে বহিষ্কার করা হয়েছে। পরীক্ষা শুরুর মাত্র ৭ মিনিটের মাথায় বেশ কয়েকজন পরীক্ষার্থীকে বের করে আনা হয়। তাদের প্রবেশপত্র কেড়ে নিয়ে মাঠে সারিবদ্ধভাবে দাঁড় করানো হয়।

**কুড়িগ্রাম** : কুড়িগ্রামে ৩৩টি কেন্দ্রে প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা শুক্রবার অনুষ্ঠিত হয়। প্রশ্নপত্র ফাঁস এবং মোবাইল ব্যবহার করে উত্তরপত্র লেখার অভিযোগে ৮ জনের জেল এবং ৫ নারী পরীক্ষার্থীকে জরিমানা প্রদান করে ভ্রাম্যমাণ আদালত। মেইলে ঢাকা থেকে আসা ৪ সেট প্রশ্নপত্র কুড়িগ্রামে পরীক্ষার আগের রাতে ছাপানো হয়। পরীক্ষার্থীদের রোল নম্বরের সঙ্গে পূর্বেই প্রশ্নের সেট নম্বর নির্ধারণ করা হয়। পরীক্ষার হলগুলোতে বিশেষ ব্যবস্থায় অনেক পরীক্ষার্থীকে মোবাইলে আসা এসএমএসের মাধ্যমে উত্তরপত্র লিখতে দেখা যায়। এর ফলে সাধারণ পরীক্ষার্থীরা পড়েছে বিপাকে। একটি এসএমএসের মূল্য ছিল ৫০ হাজার টাকা থেকে ২ লাখ টাকা।

**নওগাঁ** : নওগাঁয় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ পরীক্ষায় নকল সহায়তার দায়ে ৩ জনকে ১৫ দিন করে সশ্রম কারাদণ্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত। শুক্রবার বিকালে ভ্রাম্যমাণ আদালতের বিচারক নওগাঁর অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মো. আমিনুল ইসলাম এ আদেশ প্রদান করেন। কারাদণ্ডাদেশ প্রাপ্তরা হলেন— নওগাঁ সদর উপজেলা রায়ভুর গ্রামের মৃত কমর উদ্দিনের ছেলে রেজাউল করিম, উলিপুর গ্রামের বয়েজ উদ্দিনের মেয়ে সানজিদা আহম্মেদ এবং পত্নীতলা উপজেলার মানাসি গ্রামের তোজাম্মেল হকের ছেলে মাহমুদুল ইসলাম।